MAY 1 2002

যুগান্তর

তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম ২

# শাবি সিন্ডিকেট ও শিক্ষক প্রতিনিধি নির্বাচন : দুই প্যানেল সমানে সমান

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের শিক্ষক প্রতিনিধি নির্বাচনে মুক্তিযুদ্ধের সপক্ষ ও বাঙালি জাতীয়তাবাদে বিশ্বাসী প্যানেল এবং বাংলাদেশী জাতীয়তাবাদ ও ধর্মীয় মূল্যবোধে বিশ্বাসী প্যানেল সমান সমান পদে বিজয়ী নির্বাচন : পৃষ্ঠা : ১৫ কলাম : ১

# নকল : শিক্ষা প্রতিমন্ত্রী

(শেষ পৃষ্ঠার পর)

ব্যাধির শেকড় উপড়ে ফেলা হবে। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় জাতীয় সংসদের হুইপ আলহাজ্ব মজিবর রহমান সরোয়ার, সংসদ সদস্য জহিরউদ্দিন স্বপন, বরিশাল বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবদুস সালাম, জেলা প্রশাসক শেখ আবুল কালাম, পুলিশ সুপার মোঃ মহসিন হোসেন এবং বিভিন্ন কলেজের অধ্যক্ষবৃন্দ বক্তৃতা করেন। শিক্ষা প্রতিমন্ত্রী আরও বলেন, কোন পরীক্ষা কেন্দ্রে গিয়ে বাইরের কোন পরিদর্শক যদি নকল ধরতে পারেন তাহলে সংশ্লিষ্ট কক্ষ পরিদর্শককে বহিষ্কার করা হবে। অতীতে অভিভাবক, শিক্ষক থেকে শুরু করে দফতরি পর্যন্ত নকলের সঙ্গে জড়িত ছিলেন। তারা এ অবস্থার পরিবর্তন চান। পরীক্ষায় স্বচ্ছতা চান। আগামীতে পুলিশ-ম্যাজিস্ট্রেট নয়, শিক্ষকদেরই নকল প্রতিরোধ করতে হবে। শিক্ষকদের প্রয়োজনীয় নিরাপত্তা দেয়া হবে। জাতীয় সংসদের হুইপ আলহাজ্ব মজিবর রহমান সরোয়ার বলেন, বিগত দিনে ভোট কারচুপি ও সন্ত্রাসের সঙ্গে নকলও একটি ব্যাধিতে পরিণত হয়। সরকার জনগণের চাহিদা অনুযায়ী নকল, সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত সুশাসন চায়। জহিরউদ্দিন স্বপন বলেন, নকল প্রতিরোধে সামাজিক আন্দোলন সরকারসহ সবার প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতায় সফল হয়েছে। সবশেষে সভায় আগত বরিশাল বোর্ডের আওতাধীন বিভিন্ন কলেজের অধ্যক্ষবৃন্দ নকল প্রতিরোধে তাদের প্রস্তুতির কথা এবং বিভিন্ন সমস্যার কথা প্রতিমন্ত্রীকে অবহিত করেন।